



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
সিটি কর্পোরেশন-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৭১.১৮.০৫৪.২০১৭.৪৩৩

তারিখ: ৯ আষাঢ় ১৪২৮  
২৩ জুন ২০২১

বিষয়: পঞ্চবার্ষিক কর পুনঃমূল্যায়নের স্থগিতাদেশ প্রত্যাহারপূর্বক নতুনভাবে কর আদায়ের অনুমতি প্রদান অথবা স্থগিতকৃত পঞ্চবার্ষিক কর পুনঃমূল্যায়ন বাতিল করে নতুনভাবে পুনঃমূল্যায়নের অনুমতি প্রদান সংক্রান্ত।

সূত্র: চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পত্র সংখ্যা: ৯৬, তারিখ: ০৩ জুন ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নাগরিক সেবা প্রদান কার্যক্রম সম্পূর্ণ স্বচ্ছ, জনবান্ধব এবং অনলাইনে সম্পাদন নিশ্চিত করা বর্তমান সরকারের অন্যতম লক্ষ্য। এ ব্যাপারে স্থানীয় সরকার বিভাগ হতে বার বার নির্দেশনা প্রদান করা হয়েছে। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন “Urban public Environmental Health Sector Development Project” শীর্ষক প্রকল্পের অধীনে ৭টি সিটি কর্পোরেশনের (ঢাকা উত্তর, ঢাকা দক্ষিণ, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বরিশাল ও সিলেট) হোল্ডিং ট্যাক্স, রেইট নির্ধারণ ও আদায় কার্যক্রম Automation এর মাধ্যমে সম্পন্ন কার্যক্রম চলমান থাকায় এবং অবশিষ্ট ৪টি সিটি কর্পোরেশনে (কুমিল্লা, নারায়ণগঞ্জ, রংপুর, গাজীপুর) Automation কার্যক্রম শুরু হচ্ছে বিধায় প্রথাগত ম্যানুয়াল পদ্ধতিতে সকল সিটি কর্পোরেশনের চলমান গৃহকর পুনঃমূল্যায়নের কার্যক্রম এ বিভাগের গত ১০ ডিসেম্বর ২০১৭ তারিখের পত্র সংখ্যা: ৮২৫ এর মাধ্যমে স্থগিত করা হয়। এছাড়া, জরুরী ভিত্তিতে অনলাইন ভিত্তিক Automation চালু করে সরকারের পূর্বানুমোদন গ্রহণ করে গৃহকর পুনঃমূল্যায়নের জন্য বলা হয়।

২। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের হোল্ডিং ট্যাক্সের রেইট নির্ধারণ ও আদায় কার্যক্রম Automation এর কোন পর্যায়ে রয়েছে বা হোল্ডিং ট্যাক্স কোন প্রক্রিয়ায় আদায় করা হবে সে সম্পর্কে বিবেচ্য পত্রে কিছু উল্লেখ করা হয়নি। তাছাড়া চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর পুনঃমূল্যায়নের বিষয়ে মাসিক সভায় সিদ্ধান্ত হয়েছে কি-না সে বিষয়েও অবহিত করা হয়নি।

৩। এমতাবস্থায়, নিম্নলিখিত তথ্য সহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) চট্টগ্রাম সিটি কর্পোরেশনের হোল্ডিং ট্যাক্স, রেইট নির্ধারণ ও আদায় কার্যক্রম Automation এর বর্তমান অগ্রগতি;

(খ) সূত্রস্থ পত্রে চাহিত ২০১৬-১৭ সনে পুনঃমূল্যায়িত কর আদায়ের বা নতুনভাবে পুনঃমূল্যায়নের মাধ্যমে আদায়ের কার্যক্রম ম্যানুয়ালি না-কি অটোমেশনের মাধ্যমে সম্পন্ন করা হবে; এবং

(গ) গৃহকর আদায়/পুনঃমূল্যায়ন বিষয়ে মাসিক সভার সিদ্ধান্ত।

মোহাম্মদ জাহিরুল ইসলাম  
উপসচিব

ফোন: ৯৫৫৪৬৫৮

ই-মেইল: [lgcc2@lgd.gov.bd](mailto:lgcc2@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম।

অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

২। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

৩। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।